



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিএম, প্রধান কার্যালয়
www.bsti.gov.bd
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



নম্বর: ৩৬.০৫.০০০০.৩০২.৫২.১৮০.২৩.১৬৩১

১৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ৩০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

প্রাপক:

ব্যবস্থাপনা পরিচালক, ওয়ালটন হাই টেক ইন্ডাস্ট্রিজ পিএলসি, চন্দ্রা, কালিয়াকৈর পিএস, গাজীপুর-১৭৫০।

বিষয়: আমদানিকৃত টিউব লাইট (Tube Light) পণ্যের অনুকূলে অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার গত ২৬-০৭-২০২৩ খ্রিঃ তারিখের পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টিউব লাইট বিএসটিআই'র বাধ্যতামূলক ২৩৯ টি পণ্যের অন্তর্গত সেলফ ব্যালাস্টেড এলইডি ল্যাম্পস ফর জেনারেল লাইটিং সার্ভিসেস উইথ সাপ্লাই ভোল্টেজ > ৫০ ভোল্ট পারফরমেন্স রিকোয়ারমেন্টস (বিডিএস আইইসি ৬২৬১২:২০১৫) এর আওতাভুক্ত। আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর আওতাভুক্ত হওয়ায় উক্ত পণ্য বিক্রি-বিতরণের উদ্দেশ্যে আমদানি করা হলে কাস্টম কর্তৃপক্ষের চূড়ান্ত শুল্কায়নের পূর্বে বিএসটিআই হতে ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদন অনুযায়ী এলসি নং ০৭২৮২৩১৬০৬০৬; তারিখ: ২০/০৬/২০২৩ খ্রিঃ, বিল অব এন্ট্রি নং- সি ৫৮৩৫০৯; তারিখ: ১৯/০৭/২০২৩ খ্রিঃ এবং ইনভয়েস নম্বর ভি২০২৩০৫১২০ তারিখঃ ০৭/০৭/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে আমদানিকৃত টিউব লাইট (Tube Light) (পরিমাণ: ৬০ পিস) পণ্য কেবলমাত্র নিজস্ব গবেষণা উন্নয়ন কাজে ব্যবহার করা হবে-মর্মে আপনি আবেদনপত্রের সাথে নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করেছেন।

এমতাবস্থায়, বর্ণিত চালানের মাধ্যমে আমদানিকৃত টিউব লাইট (Tube Light) (পরিমাণ: ৬০ পিস) বিক্রি-বিতরণ করা হবে না বিধায় উক্ত পণ্যের অনুকূলে বিএসটিআই হতে ছাড়পত্র গ্রহণের প্রয়োজন নেই।

আপনার বিশ্বস্ত

৩০-০৭-২০২৩

মোঃ নূরুল আমিন

পরিচালক

৫৫০৩০১১৩

nurulamin.bsti@gmail.com

নম্বর: ৩৬.০৫.০০০০.৩০২.৫২.১৮০.২৩.১৬৩১/১ (২)

১৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ৩০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, ঢাকা এবং

২। পিএ টু মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।